

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৬২১

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا أَبُو مُعَاوِيَة، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَة، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ، عَنْ عَلِيِّ، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ جَالِسًا، وَفِي يَدِهِ عُودٌ يَنْكُمْ مِنْ نَفْسٍ إِلا وَقَدْ عُلِمَ مَنْزِلُهَا مِنَ الْجَنَّةِ يَنْكُمْ مِنْ نَفْسٍ إِلا وَقَدْ عُلِمَ مَنْزِلُهَا مِنَ الْجَنَّةِ وَالنَّارِ " قَالَ: فَقَالُوا: يَا رَسُولَ اللهِ، فَلِمَ نَعْمَلُ ؟ قَالَ: " اعْمَلُوا، فَكُلُّ مُيسَّرٌ لِمَا خُلِقَ لَهُ ": وَالنَّارِ " قَالَ: فَقَالُوا: يَا رَسُولَ اللهِ، فَلِمَ نَعْمَلُ ؟ قَالَ: " اعْمَلُوا، فَكُلُّ مُيسَّرٌ لِمَا خُلِقَ لَهُ ": (أَمَّا مَنْ أَعْطَى وَاتَّقَى وَصَدَّقَ بِالْحُسْنَى فَسَنُيسِّرُهُ لِلْيُسْرَى وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنَى وَكَذَّبَ بِالْحُسْنَى فَسَنُيسِرُهُ لِللهُ لِللهِ فَكَلَّ مَنْ بَخِلَ وَاسْتَغْنَى وَكَذَّبَ بِالْحُسْنَى فَسَنُيسِرُهُ لِللهِ . 5–10]

إسناده صحيح على شرط الشيخين

وأخرجه مسلم (2647) (7) ، وابن ماجه (78) ، والبزار (584) و (588) من طريق أبى معاوية، بهذا الإسناد

وأخرجه البخاري (4946) و (4949) و (6217) و (6605) و (7552) ، وفي " الأدب المفرد" (903) ، ومسلم (2647) (7) ، والترمذي (2136) ، وابن حبان (334) و (335) ، والآجري في "الشريعة" ص 172 من طرق عن الأعمش، به. وسيأتي برقم (1067) و (1068) و (1181) و (1349)

বাংলা

৬২১। আলী (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বসেছিলেন। তাঁর হাতে একটা কাঠি ছিল। তা দিয়ে তিনি মাটি খুদছিলেন। হঠাৎ তিনি মাথা তুললেন এবং বললেনঃ তোমাদের প্রত্যেকেরই জান্নাতের ও জাহান্নামের বাসস্থান (অর্থাৎ কার বাসস্থান কোথায়) জানা হয়ে গেছে। উপস্থিত সাহাবীগণ বললেনঃ ইয়া রাসূলাল্লাহ, তাহলে আমরা আর আমল করবো কেন? তিনি বললেনঃ আমল করে যাও। কারণ প্রত্যেককে যে আমলের জন্য তাকে সৃষ্টি করা হয়েছে, সে আমল তার জন্য সহজ সাধ্য করা হয়েছে। "যে ব্যক্তি দান করে,



আল্লাহকে ভয় করে এবং যা ভালো তা মেনে নেয়, তার জন্য আমি শান্তির পথ সহজ করে দেব"। [সূরা লায়লঃ ৫-১০]

[বুখারী-৪৯৪৬, মুসলিম-২৬৪৭, মুসনাদে আহমাদ-১০৬৭, ১০৬৮, ১১১০, ১১৮১, ১৩৪৯]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন